# বিচারকর্তৃগণ -৩



© 2021 Comic Bible Society, LLC


ঈশ্বরের দাস মোশি যিনি তার সমস্ত হৃদয় দিয়ে সদাপ্রভুকে অনুসরণ করেছেন, তিনি এখন আর নেই।
তারপর তার সহকারী যিহোশুয় আসলেন। কিন্তু যিহোশুয় নেতৃত্ব দেবার পর এখন ২৫০ বছর পার হয়ে গেছে।
তারপর তার সহকারী যিহোশুয় আসলেন। কিন্তু যিহোশুয় নেতৃত্ব দেবার পর এখন ২৫০ বছর পার হয়ে গেছে।
ঈশ্বর আমাদের সাহায্য করুন!
কিন্তু প্রত্যেকবার তারা ঈশ্বরের কাছে কান্না করত আর তিনি তাদেরকে একজন উদ্ধারকারী পাঠাতেন-একজন বিচারকর্তা।




যাত্রাপুস্তক ১৩:১৭, বিচারকর্তৃগণ ১৩:১-২




বিচারকর্তৃগণ ১৩:৩-৫


তার স্ত্রী যে স্বর্গীয় দর্শন পেয়েছেন সেই সম্পর্কে তিনি তার স্বামীর কাছে বললেন।
হে প্রভু, ঈশ্বরের যে লোকটিকে তুমি আমাদের কাছে পাঠিয়ে দিয়েছিলে, আমি মিনতী করি আবার যেন তিনি আসেন এবং যে ছেলেটির জন্ম হবে তার প্রতি আমাদের কি করতে হবে তা আমাদের শিখিয়ে দেন।
ঈশ্বর মানোহের প্রার্থনা শুনলেন এবং ঈশ্বরের দূত আবার আসলেন কিন্তু মোনাহ তার স্ত্রীর কাছে ছিলেন না।
তিনি এখানে এসেছেন!
সেই দিন যে লোকটি আমাকে দেখা দিয়েছিলেন তিনি এসেছেন!
আমার স্ত্রীর সঙ্গে যিনি কথা বলেছিলেন আপনিই কি সেই লোক?
হ্যাঁ, আমিই সেই লোক।
আপনার কথা যখন সফল হবে তখন কিভাবে ছেলেটি জীবন কাটাবে আর তার কাজই বা কি হবে?



আমি তোমার স্ত্রীকে যা বলেছি তার সবই যেন সে যত্নের সাথে পালন করে। আংগুর গাছ থেকে যা হয় তার কোন কিছুই তার খাওয়া চলবে না, আংগুর রস কিম্বা কোন মদ কিম্বা অশুচি কিছু তার খাওয়া চলবে না।
আমি তাকে যে সব আদেশ দিয়েছি তার প্রত্যেকটি তাকে পালন করতে হবে।
আমরা চাই যেন আপনি ততক্ষণ এখানে থাকুন যতক্ষণ না আমরা আপনার জন্য একটি ছাগলের বাচ্চার মাংস প্রস্তুত করি।
তোমরা আমাকে ধরে রাখলেও আমি তোমাদের কোন খাবার খাব না। কিন্তু যদি তোমরা পোড়ানো-উৎসর্গ করতে চাও তবে তা সদাপ্রভুর উদ্দেশেই কোরো।
মানোহ বুঝতেই পারেন নি যে তিনি একজন স্বর্গদূতের সাথে কথা বলছেন।
আপনার নাম কি, যাতে আমরা আপনার কথা যখন সফল হবে তখন আপনাকে সম্মান দেখাতে পারি?
তুমি কেন আমার নাম জিজ্ঞাসা করছ? আমার নাম কেউ বুঝতে পারে না।
মানোহ একটা ছাগলের বাচ্চা ও তার সঙ্গেকার শস্য-উৎসর্গের জিনিস নিয়ে সদাপ্রভুর উদ্দেশে একটা পাথরের উপরে তা উৎসর্গ করলেন।
আগুনের শিখা যখন বেদী থেকে উপরে আকাশের দিকে উঠে যাচ্ছিল তখন সদাপ্রভুর দূত সেই আগুনের শিখায় উঠে চলে গেলেন।
এই ব্যাপার দেখে মানোহ এবং তার স্ত্রী মাটিতে উবুড় হয়ে পড়লেন।
আমাদের নিশ্চয়ই মরতে হবে! আমরা ঈশ্বরকে দেখেছি!
আমাদের মেরে ফেলবারই ইচ্ছা যদি সদাপ্রভুর থাকত তবে আমাদের হাত থেকে তিনি পোড়ানো-উৎসর্গ ও শস্য-উৎসর্গ গ্রহন করতেন না, কিম্বা এই সবও আমাদের দেখাতেন না, কিম্বা এই সব কথাও এই সময়ে আমাদের বলতেন না।
পরে, স্বর্গদূতের সেই কথা সত্যি হল আর সেই স্ত্রীলোক একজন পুত্র সন্তানের জন্ম দিলেন আর তার নাম রাখলেন শিমশোন।
শিমশোন বড় হতে লাগলেন আর ঈশ্বর তাকে আশীর্বাদ করলেন। আর সদাপ্রভুর আত্মা তাকে উত্তেজিত করতে লাগলেন...


...২০ বছর পর
যাকোব, তুমি কি আগে কখনো এমন অপরূপ সুন্দরী দেখেছো?
আমি জানতাম যে তোমাকে নিরানি কিনতে আমার সাথে আনা উচিত হয় নি। এই পলেষ্টীয়দের শহরে কোন ভাল কিছু কখনোই হতে পারে না।
যেমনটি আমি বলেছিলাম.... কখনোই ভাল কিছু হয় না।
কিন্তু আমি আমার জন্য একজনকে খুঁজে পেয়েছি।
তুমি কিন্তু বিষয়টি ঠিক করছো না। সদাপ্রভু চান না যেন আমরা পরজাতীয়দের সাথে বিয়ে করি।
তোমার বাবা-মা কখনোই এটা মেনে নেবে না।
আমাদের লোকদের মধ্যে কি তোমার সঙ্গী হওয়ার মত মেয়ে নাই?
তাহলে কেন তোমাকে বিয়ের জন্য সুন্নত-না-করানো পলেষ্টীয়দের কাছে যেতে হবে?
শিমশোন...ইস্রায়েলীয়দের মধ্যে অনেক সুন্দরী মেয়ে রয়েছে।
তাকেই আমার চাই।
সেই আমার জন্য উপযুক্ত।
সব সময়ই সে খুবই একগুয়ে ধরনের।
এটা তার সমস্যা। তার একগুয়ে স্বভাব বাদ দিয়ে আরেকটু বুদ্ধিমান হওয়া প্রয়োজন।
তার বিষয়ে আমার ভাল লাগছে না।
কিন্তু তার বাবা মা বুঝতে পারেন নি যে, এটা সদাপ্রভু থেকেই হয়েছে, কারণ তিনি পলেষ্টীয়দের বিরুদ্ধে যুদ্ধ করবার একটা সুযোগ খুঁজছিলেন; সেই সময় পলেষ্টীয়রা ইস্রায়েলীয়দের শাসন করছিল




বিচারকর্তৃগণ ১৪:৫-৭




বিচারকর্তৃগণ ১৪:৮-৯



সেই সময়ে এটি একটি রীতি ছিল যে বরপক্ষ বিয়েতে একটি ভোজের আয়োজন করবেন।
* হিব্রু শব্দ মিসতেহ-এমন একটি অনুষ্ঠান যেখানে বিশেষত মদ থাকতো, আর এটি ছিল নাসরীয় চুক্তির আরেকটি ভঙ্গ।
সেই অনুষ্ঠানে পলেষ্টিয়রা ৩০ জন লোককে শিমশোনের সঙ্গে দিলেন।
আমি তোমাদের একটা ধাঁধা বলি।
তোমরা ভোজের এই সাত দিনের মধ্যে যদি এর উত্তর দিতে পার তবে আমি তোমাদের ত্রিশটা মসীনার চাদর ও ত্রিশ সেট পোষাক দিব।
তোমরা ভোজের এই সাত দিনের মধ্যে যদি এর উত্তর দিতে পার তবে আমি তোমাদের ত্রিশটা মসীনার চাদর ও ত্রিশ সেট পোষাক দিব।
আপনার ধাঁধাঁটি বলুন।
তাহলে শোন।
খাদক থেকে আসল খাদ্য, বলবান থেকে আসল মিষ্টি।
খড়ৎবস রঢ়ংঁস
এই ইব্রীয়তো আমদের হারিয়ে দিবে।
চারদিন ধরে পলেষ্টিয়রা এই ধাঁধার উত্তর খুঁজে বেড়াল কিন্তু তারা কোন উত্তরই দিতে পারল না।
এই ইব্রীয় এখানে এসে আমাদের সবাইকে বোকা বানাচ্ছে।
হয়তো আমরাও তাকে বোকা বানাতে পারি।




বিচারকর্তৃগণ ১৪:১৫-১৭




বিচারকর্তৃগণ ১৪:১৮-১৯




বিচারকর্তৃগণ ১৫:১-৫




বিচারকর্তৃগণ ১৫:৬-৮






বিচারকর্তৃগণ ১৫:৯-১১


আমরা খুবই দুঃখিত, কিন্তু তবুও এসেছি তোমাকে বেঁধে পলেষ্টিয়দের হাতে তুলে দেয়ার জন্য।
আমাদের আর কোন কিছু করার নেই-আমাদেরকে আমাদের লোকদের জন্য এটা করতেই হবে-আর আমাদের পরিবারকে বাঁচাতে এটা আমাদের করতেই হবে।
যদি পলেষ্টিয়রা তোমাকে না পায় তাহলে তারা আমাদের সবাইকে মেরে ফেলবে।
তোমরা আমার কাছে শপথ কর যে তোমরা নিজেরা আমাকে মেরে ফেলবে না।
আমরা শপথ করছি।
আমরা কেবল তোমাকে বেঁধে তাদের হাতে তুলে দেব। আমরা তোমাকে মারব না।
তখন তার দুইটা নতুন দড়ি দিয়ে তাকে বেঁধে ফেলল...
...আর পাহাড়ের কাছ থেকে নিয়ে চলল।
ইইইয়াআইই!
তাকে মেরে ফেল!
না, তাকে জীবিত নিয়ে চল!
ঠিক বলেছো-আমরা তাকে জীবিত নিয়ে যাব যেন তাকে ধীরে ধীরে মারতে পারি।


সদাপ্রভুর আত্মা পূর্ণ শক্তিতে শিমশোনের উপর আসলেন।
তার হাতের দড়িগুলো পুড়ে যাওয়া শনের মত হল আর তার হাতের বাঁধন খুলে পড়ে গেল।



বিচারকর্তৃগণ ১৫:১৪-১৫




বিচারকর্তৃগণ ১৫:১৬-১৭



বিচারকর্তৃগণ ১৫:২০ - হিতোপদেশ ৭:২৫-২৭




বিচারকর্তৃগণ ১৬:১-৩


তারা বাড়িতে এমন মহিলাদের তৈরী করে না।
আরেকবার বল
আস তাদের সম্পর্কে আরো কিছু খুঁজে বের করি।
আস তাদের সম্পর্কে আরো কিছু খুঁজে বের করি।
খামারের ছেলেরা। তারা এখানকার নয়।
তোমার চোখে ময়লা পড়েছে...তারা পুরুষ, বিশেষত যিনি মাঝখানে আছেন।
আমরা কি আপনাদের কোন ভাবে সাহায্য করতে পারি?
আমরা মাত্র আমাদের শস্য বিক্রি করেছি আর উৎসব অনুষ্ঠান দেখেছি, আমরা স্থানীয় আরো লোকদের সাথে সাক্ষাত করতে চাই।
আর মনে হয় শুরু করার জন্য এটাই ভাল জায়গা।
তাহলে, পলেষ্টিয়রা কি তোমাদের শস্যের জন্য ভাল দাম দিয়েছে?
না, কিন্তু আমরাও তো তাদেরকে ভাল গম দেই নি। আমরা জানি যে পলেষ্টিয়রা সব সময় আমাদের কম দাম দেয়।
হয়তো এটাকে তোমরা পারস্পারিক সমঝোতা বলতে পার।
তোমরা অনেক বুদ্ধিমান।
এটা আমাদের অভিজ্ঞতা।




বিচারকর্তৃগণ ১৬:৪




বিচারকর্তৃগণ ১৬:৫


শিমশোন, তোমার কি শক্তিশালী ও বলিষ্ঠ বাহু রয়েছে।
আমি নিশ্চিত যে অনেক লোকই তোমাকে নিয়ে হিংসা করে।
মনে হয় জমি পরিস্কার করতে করতে আর চাষাবাদে সাহায্য করতে করতে তোমার পেশী এত শক্তিশালী হয়েছে।
এটা চাষাবাদ করার চেয়ে আরো বেশি কিছু। এখানে আরো অনেক চাষাবাদ করা ছেলেরা রয়েছে, কিন্তু তারাতো কেউই দরজার হুড়কাসহ শহরের ফটক তুলে ফেলতে পারে না।
নতুন দড়ি দিয়ে আমাকে বাঁধ তাহলে আমি অন্য যে কোন লোকের মতই দুর্বল হয়ে পড়ব।
নতুন দড়ি দিয়ে আমাকে বাঁধ তাহলে আমি অন্য যে কোন লোকের মতই দুর্বল হয়ে পড়ব।
শিমশোন-পয়েষ্টিয়রা তোমাকে ধরতে এসেছে!




বিচারকর্তৃগণ ১৬:১০-১২




বিচারকর্তৃগণ ১৬:১৩-১৪



কান্না কর না-শোন আমি এই কথা কাউকেই বলি নি।
আমিও কি তোমার কাছে অন্য কারো মতো হয়ে গেলাম!!!
যদি তুমি সত্যিই আমাকে ভালবাস তাহলে আমাদের মধ্যে কোন গোপন কিছু থাকবে না।
সে প্রতিদিন এভাবে শিমশোনকে জ্বালাতন করতে লাগলো...
যতদিন পর্যন্ত না সে তাকে মারার জন্য বাঁধতে পারল।
আমার মাথায় কখনও ক্ষুর দেওয়া হয় নি। জন্ম থেকেই আমি ঈশ্বরের উদ্দেশে একজন নাসরীয়।
আমার মাথা কামানো হলে আমার শক্তি আমাকে ছেড়ে যাবে। তাহলে আমি অন্য যে কোন লোকের মতই দুর্বল হয়ে পড়ব।
দলীলা যখন বুঝল যে, তিনি তাকে সব কথা খুলে বলেছেন তখন সে পলেষ্টীয় শাসনকর্তাদের কাছে খবর পাঠালো।
আপনারা আর একবার আসুন। সে আমাকে সব কথা খুলে বলেছে।
এবার সেটাই হোক।






বিচারকর্তৃগন ১৬: ১৯-২০




বিচারকর্তৃগণ ১৬:২০-২১


হে সদাপ্রভু, আমি কি করেছি...
ঈশ্বর, আমাকে ক্ষমা করুন... আপনাকে ভুলে যাওয়ার অপরাধ আমাকে ক্ষমা করুন।
...আর আপনি যা করতে বলেছেন তা না করার জন্য আমাকে ক্ষমা করুন।
আহ্‌হহহহহহ!
ঐ ইব্রীয় গাধা, বস্!
প্রভু, আপনি যে উপহার আমাকে দিয়েছিলেন তা আমি ফেলে দিয়েছি।
হে ঈশ্বর...আমার প্রতি দয়া করুন।




বিচারকর্তৃগণ ১৬:২২




বিচারকর্তৃগণ ১৬:২২-২৫


হ্যাঁ!!
দেবতা আমাদের হাতে আমাদের শত্রুকে তুলে দিয়েছেন!
সে যা করেছে - তার জন্য তার পাওনা তাকে দাও!
এই ইব্রীয় কুকুরটাকে মেরে ফেল!


এটি একটি আনন্দের দিন হোক।
গানের তালে তালে শিমশোনকে নাচতে বল।
ঠিক আছে আমার প্রভু।
হ্যাঁ-এখন আমরা কথা বলছি।
এখন আমরা কিছু সত্যিকারের তামাশা দেখবো!
ধড়ফড়
এখন আমরা কিছু সত্যিকারের তামাশা দেখবো!
তোমার শক্তি এখন কোথায় শিমশোন?
হ্যাঁ,- আমরা সেটাই দেখতে এখানে এসেছি!




বিচারকর্তৃগণ ১৬:২৭-৩০


ইয়াহহ!
না...!




বিচারকর্তৃগণ ১৬:৩০




বিচারকর্তৃগণ ১৬:৩০




বিচারকর্তৃগণ ১৬:৩১




বিচারকর্তৃগণ ১৬ঃ৩১ হিতোপদেশ ৭ঃ২১-২৩




বিচারকর্তৃগণ ১৭:১-৯


কিন্তু এই লেবীয় যুবক পুরোহিতদের জন্য নির্ধারণ করা শহর থেকে বের হয়ে এসে ঈশ্বরের অবাধ্য হলেন।
সেই সাথে তিনি একজন ভুল ব্যক্তির পুরোহিত হলেন...
দয়াকরে-আপনি আমার পুরোহিত হোন।
আমি আপনাকে রূপা দেব, পোষাক দেব এবং আপনার খাবার দেব-শুধুমাত্র আমার পুরোহিত হয়ে থাকুন।
আর তখন অন্যান্য ব্যক্তিদের মত মোশীর দেয়া নিয়ম অনুসারে আরাধনা না করে সেই যুবক মীখার বাড়ীতে মীখার মত করে দেবতাদের পূজা করতে লাগলেন।
কিন্তু খুব শিঘ্রই মীখা মূর্তি পূজার প্রতিযোগিতার মধ্যে পড়ল।
তোমাকে এখানে কে এনেছে? এখানে তুমি কি করছ আর কেনই বা এখানে এসেছ?
মীখা নামের এই ব্যক্তি আমাকে বেতন দিয়ে রেখেছেন আর আমি তার পুরোহিত।
বিচারকর্তৃগণ ১৭:১০ - ১৮:৪


যদি তুমি একজন পুরোহিত হয়ে থাক-তাহলে আমাদেরকে বল যে আমাদের যাত্রা সফল হবে কি না?
শান্তিতে যাও। সদাপ্রভুর ইচ্ছানুসারেই তোমরা যাচ্ছ।
সেই লোকেরা ছিল গুপ্তচর, তারা একটি দেশ খুঁজছিল।
এই গুপ্তচরেরা ছিল ইস্রায়েলের দান বংশের লোক আর তারা যখন লয়ীশ শহর খুঁজে পেল, তখন তাদের মনে হল যে তারা সেটাই খুঁজে পেয়েছে যা তারা এতদিন ধরে খুঁজে বেড়াচ্ছিল।
আমাদেরকে লয়ীশ আক্রমন করতে হবে। এখানকার লোকেরা খুবই নিরীহ।
এটা এমন একটা ভাল জায়গা যে সেখানে কোন কিছুরই অভাব নেই।
এবং আমরা আরো কিছু খুঁজে পেয়েছি...
চল আমরা যাই আর দেখি তোমরা কি খুঁজে পেয়েছো।
বিচারকর্তৃগণ ১৮:৫ - ১০



তোমরা কিসের জন্য অপেক্ষা করছো?
ঐ ঘরটাতে একটি এফোদ, কতগুলো দেবমূর্তি, একটা খোদাই করা মূর্তি ও একটা ছাঁচে ঢালা প্রতিমা আছে।
তোমরা কি করছো?
চুপ-আমাদের সঙ্গে এস আর আমাদের পুরোহিত হও।
একজন লোকের পরিবারের পুরোহিত হওয়ার চেয়ে কি ইস্রায়েলীয়দের একটা গোষ্ঠীর পুরোহিত হওয়া ভাল নয়?
সেই লেবীয় যুবক যে মীখার ঘরের পুরোহিত হওয়ার জন্য তার বিশ্বাসকে বিক্রি করে দিয়েছিল, সে পুণরায় দানগোষ্ঠির সৈন্যদের কাছে পুরোহিত হিসাবে বিক্রি হয়ে গেল।
থাম!




বিচারকর্তৃগণ ১৮:২৩ - ২৭


পরিকল্পনা অনুসারেই দান-গোষ্ঠীর লোকেরা লয়ীশ শহরে আক্রমন
করল এবং নিরীহ শহরটিকে একেবারে ধ্বংস করে দিল।
দান-গোষ্ঠীর লোকেরা সেখানে বাস করতে শুরু করল আর তাদের
পূর্বপুরুষদের নাম অনুসারেই তারা শহরের নাম দান রাখলেন।
এটা ছিল সেই সময় যখন কোন নিয়মকানুন ছিল
না-এবং আত্মিকভাবে তারা মৃত ছিল।
এমনকি মোশীর নাতীও দান বংশের জন্য পুরোহিতের কাজ
করত আর সবাইকে প্রতিমা পূজায় পরিচালনা দিত।
ঈশ্বরের বাক্যের অবাধ্যতা তাদের মধ্যে সেখানে বড় ধরনের হিংস্রতার
সৃষ্টি করল এবং সমগ্র দেশে পাপ বয়ে নিয়ে আসল।


পুরোহিত, যারা ঈশ্বরের উদ্দেশ্যে লোকদেরকে পরিচালনা দিত তারা নিজেরাও ঈশ্বরের আইনের অবাধ্য হল।
একজন লেবীয় বৈৎলেহেম গ্রামের একজন মেয়েকে উপপত্নী হিসাবে গ্রহন করল। সেই উপপত্নী ব্যভিচার করল এবং তাকে ছেড়ে সে তার বাবার বাড়ীতে ফিরে গেল
সেই লেবীয় যুবকটি সেই মেয়েটির বাবার বাড়ীতে গেল যেন তাকে ফিরিয়ে নিয়ে আসতে পারে।
সে তাকে তার সঙ্গে আসার জন্য জোরাজুরি করতে লাগল।
সূর্য প্রায় ডুবে যাচ্ছে, চলুন আমরা জেরুশালেমে রাতটা কাটাই।
না, আমরা ইস্রায়েলীয়রা অন্যদের নিয়ন্ত্রনে থাকা শহরে যাব না।
আমরা বিন্যামীনিয় গিবিয়াতে গিয়ে থামবো। হয়তো সেখানে কেউ আমাদেরকে থাকবার জন্য জায়গা দিয়ে দয়া করবে।
বিচারকর্ত্তৃগণ ১৯:১-১৪




বিচারকর্তৃগণ ১৯:১৬ - ২১


ধুম
তোমার বাড়ীতে যে পুরুষ লোকটি আছে তাকে বের করে নিয়ে আস আমরা তার সাথে ব্যাবিচার করব!
আমার বন্ধুরা, এই জঘন্য কাজ তোমরা কোরো না।
সে আমার অতিথী; এই খারাপ কাজ তোমরা কোরো না।
এখানে আমার কুমারী মেয়ে আছে আর ঐ লোকের উপস্ত্রী রয়েছে তোমরা তাদের নিয়ে যাও।
ঘরের সবাইকে রক্ষা করার পরিবর্তে লোকটি তাদেরকে দিয়ে দিল।
না, আমরা ঐ লোকটিকেই চাই, এখন তুমি তাকে বাইরে নিয়ে আস নতুবা আমরা ভিতরে আসব আর তাকে নিয়ে যাব।
বিচারকর্তৃগণ ১৯:২২ - ২৫


এখানে-তোমরা তাকে নিয়ে যাও।
সেই শহরের দুষ্ট লোকেরা সারা রাত ধরে জোর করে তার সঙ্গে ব্যভিচার করল।
অন্ধকার যখন কেটে যাচ্ছিল তখন সেই স্ত্রীলোকটি বাড়ীর দরজার সামনে পড়ে গেল।
ওঠো, চল আমরা যাই।
"তাকে একটা গাধার উপর তুলুন আর চলুন বাড়ী যাই।"
যখন সে বাড়ীতে পৌছালো তখন সে একটা ছুরি নিয়ে তার হাড় দেখে দেখে তাকে কেটে বারোটা টুকরা করল এবং ইস্রায়েলীয়দের বারো বংশের সমস্ত এলাকায় সেগুলো পাঠিয়ে দিল।
ইস্রায়েলীয়রা মিসর থেকে বের হয়ে আসবার দিন থেকে আজ পর্যন্ত এমন কাজ কখনও হয় নি আর দেখাও যায় নি-তোমরা এই বিষয় নিয়ে চিন্তা কর, পরামর্শ কর এবং কি করা উচিত তা বল?


আমাদের বল যে এই জঘন্য ব্যাপারটা কি করে ঘটল।
গিবিয়ার লোকেরা আমার খোঁজে আসল কিন্তু তার বদলে তারা আমার উপস্ত্রীকে নিয়ে জোর করে ব্যভিচার করে মেরে ফেলল।
এখন হে ইস্রায়েলীয়রা, আপনারা সকলে এই বিষয় নিয়ে আলোচনা করে আপনাদের রায় দিন।
আমরা কেউ বাড়ী যাব না।
ইস্রায়েল জাতির মধ্যে তারা যে সব জঘন্য কাজ করেছেন তার জন্য গিবিয়ার লোকেরা শাস্তি পাবে।
গিবিয়ার ঐ সব দুষ্ট লোকদের তোমরা আমাদের হাতে তুলে দাও যাতে আমরা তাদের মেরে ফেলে ইস্রায়েলীয়দের মধ্যে থেকে এই জঘন্যতা দূর করে দিতে পারি।
আমরা তাদের দেব না-তারা আমাদেরই লোক।
বিন্যামীনিয়েরা তাদের সৈন্যদেরকে জড়ো করল যাদের মধ্যে সাতশো বাঁহাতি সৈন্য ছিল যারা ফিংগা মারায় এত দক্ষ ছিল যে চুল লক্ষ্য করে ফিংগা মারলে ঠিক চুলেই গিয়ে লাগত।
ইস্রায়েলীয় নেতারা সদাপ্রভুর কাছে প্রার্থনা করলেন এবং তিনি তাদের বললেন যেন তারা যিহুদা-গোষ্ঠীকে যুদ্ধে আগে পাঠায়।
কিন্তু সেই যুদ্ধ যিহুদার পক্ষে ছিল না আর যিহুদার সৈন্যরা পরাজীত হল আর অনেকে মারাও গেল ফলে সৈন্যরা ফিরে গেল।
বিচারকর্তৃগণ ২০:১-২১


দ্বিতীয়বার যুদ্ধে হেরে যাওয়ার পর ইস্রায়েলীয়রা সদাপ্রভুর সামনে নত হলেন আর উপবাস করতে লাগলেন-এরপর ঈশ্বর তাদের প্রার্থনার উত্তর দিলেন।
যাও, কালকে তাদেরকে আমি তোমাদের হাতে তুলে দেব।
পরের দিন, ইস্রায়েলীয়রা ঘাপটি মেরে বসে রইল আর বিন্যামীনিয় সৈন্যদেরকে মেরে ফেলল।
ইস্রায়েলীয়রা গিবিয় শহরকে পুড়িয়ে দিল আর বিন্যামিনীয়দের অন্যান্য শহরগুলো ধ্বংস করে দিল।
লোকেরা তাদের নিজেদের ভাইদের হারানো কারণে গভীরভাবে দুঃখার্ত ছিল।
ইস্রায়েলীয়দের মধ্যে কেন এটা ঘটল? কেন আজ ইস্রায়েলীয়দের মধ্য থেকে একটা গোষ্ঠী হারিয়ে গেল?
আমরা যখন সৈন্যদের গণনা করছিলাম তখন আমরা যাবেশের গিলিয়দ থেকে কাউকে উপস্থিত দেখি নি।
তাদের জীবন দিয়ে এটা তাদের শোধ করতে হবে-আর বিন্যামীনিয়দের মধ্যে এখনও যারা জীবিত আছে তারা যাবেশের কুমারী মেয়েদেরকে বিয়ে করবে।
“বিন্যামীনিয় ৬০০ জন পুরুষ যারা রিম্রোন পাহাড়ে লুকিয়ে আছে তাদের কাছে শান্তির বার্তা পাঠাও। আমরা চাই না যেন বিন্যামিনীয়দের বংশ একেবারে শেষ হয়ে যায়।”


লোকেরা গভীর শোক করছিল কারণ ইস্রায়েলের মধ্যে থেকে একটি বংশ প্রায় হারিয়ে যেতে বসেছে... কিন্তু সেই সাথে তারা একটা শপথও নিয়েছিল।
বিন্যামীন গোষ্ঠির কাছে কেউ যদি মেয়ে বিয়ে দেয় তাহলে তারা অভিশপ্ত হবে।
আমরা বিন্যামীনিয় পুরুষ লোকদেরকে ৪০০ কুমারী মেয়ে দিয়েছি কিন্তু এখনও ২০০ লোক আছে যাদের কোন স্ত্রী নেই।
"এটা ছিল শিলোর বার্ষিক উৎসবের সময়।"
"যখন সেখানকার মেয়েরা নাচ করতে বাইরে বের হয়ে আসবে, তখন প্রত্যেক বিন্যামিনিয়রা একজন করে পছন্দ মত তাদের স্ত্রী বাঁছাই করবে আর তাদের এলাকায় ফিরে আসবে।"
যখন তাদের বাবারা বা ভাইয়ে আমাদের কাছে নালিশ নিয়ে আসবে তখন আমরা বলব যে, "তোমরা এই সব মেয়েদের দান করে আমাদের পক্ষে তাদের প্রতি দয়া কর।" এই ব্যাপারে তোমাদের কোন দোষ নেই, কারণ তোমরা নিজেরা তো তোমাদের মেয়েদের তাদের দাও নি।
সেই সময়ে ইস্রায়েলীয়দের মধ্যে কোন রাজা ছিল না...
...আর যে যা ভাল মনে করত সে তা-ই করত।








# SUPERBIBLE.TV